

শর্তাবলীঃ-

- ০১। বাংলা ১৪২৯ সালের ১ বৈশাখ হতে ৩০ চৈত্র পর্যন্ত ০১ (এক) বৎসর মেয়াদকালের জন্য হাট-বাজার ইজারা দেয়া হবে।
- ০২। দরপত্রদাতাকে দরপত্রের সহিত দরপত্রে উল্লেখিত দরের ৩০% (শতকরা ৩০ভাগ) অর্থ জামানত হিসেবে যে কোন তফসীল ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার, মোরেলগঞ্জ এর অনুকূলে জমা দিতে হইবে। অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। উক্ত টাকা হতে ২৫% অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে এবং বাকি ৫% অর্থ জামানত হিসেবে সংরক্ষিত থাকবে। ইজারা গ্রহীতা নিয়মিত হাটবাজার নিজ খরচে পরিষ্কার না করলে বা অন্য কোন ক্ষতিসাধন করলে উক্ত জামানত হতে তাহা মিটানো হবে। বৎসর সমাপনান্তে অব্যবহৃত টাকা জমাকারীর বরাবরে প্রত্যাপন করা হবে।
- ০৩। যার দরপত্র গৃহীত হবে, দরপত্র সংবাদ অবহিত হওয়ার ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে দরপত্রে উল্লিখিত দরের অবশিষ্ট ৭৫%(শতকরা ৭৫ ভাগ) অর্থ, মোট দাখিলকৃত দরের উপর অতিরিক্ত ৫% আয়কর এবং ১৫% ভ্যাট (মূল্য সংযোজন কর) অবশ্যই একই সংশ্লিষ্ট পরিশোধ করতে হবে। অন্যথায় হাট-বাজারের জন্য জমাদানকৃত জামানত বাজেয়াপ্ত পূর্বক পুনরায় ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে।
- ০৪। প্রাপ্ত দরপত্রের সর্বোচ্চ দর গ্রহণ করা হবে এবং উক্ত অংক যদি সংশ্লিষ্ট হাট-বাজারের সরকারি মূল্যের কম হয় তা হলে পুনরায় দরপত্র আহ্বান করা হবে।
- ০৫। এক হাট-বাজারের জন্য ক্রয়কৃত দরপত্র আরেক হাট-বাজারের জন্য দরপত্র হিসেবে ব্যবহার করা যাবে না। দরপত্র গ্রহণের দিন কোন দরপত্র সিডিউল বিক্রয় করা যাবে না। একদফার জন্য বিক্রয়কৃত দরপত্র অন্য দফায় আহ্বানকৃত হাট-বাজারের দরপত্র হিসেবে ব্যবহার করা যাবে না।
- ০৬। খামের উপর দরদাতার নাম, ঠিকানা ও বাজারের নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।
- ০৭। সরকার অনুমোদিত টোল আদায়ের হার মোতাবেক টোল আদায় করতে হবে। বিনা রশিদে টোল আদায় করা যাবে না। ইজারাদার নিজ খরচে বাজারের দৃশ্যমান একাধিক স্থানে টোলচার্ট প্রদর্শনের ব্যবস্থা করবেন।
- ০৮। প্রত্যেক বাজারের জন্য পৃথক পৃথক সীলমোহরকৃত দরপত্র দাখিল করতে হবে। দরপত্রদাতাকে দরপত্রের প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করতে হবে।
- ০৯। ইজারাদার কোনক্রমেই হাট-বাজার অন্যের নিকট সাব-লীজ দিতে পারবে না। যদি অনুরূপ কোন প্রকার কার্যকলাপ পরিলক্ষিত হয় অথবা চুক্তি পত্রের শর্ত লঙ্ঘন করা হয় তাহা হলে ইজারা বাতিল বলে গণ্য হবে।
- ১০। ইজারার সমস্ত অর্থ (ভ্যাট, আয় কর) পরিশোধের ৩ (তিন) কার্য দিবসের মধ্যে ২৫০/- (দুইশত পঞ্চাশ) টাকার নন জুটিশিয়াল স্ট্যাম্পে ইজারাদার কর্তৃক ইজারার চুক্তি সম্পাদন করতে হবে।
- ১১। দুই বা ততোধিক দরপত্র দাতার দর সর্বোচ্চ বা একই হলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
- ১২। ইজারাদার নিজ খরচে একটি পরিদর্শন রেজিস্ট্রার সংরক্ষণ করবেন।
- ১৩। কোন প্রকার ঘষা-মাষা, কাটাকাটি, লেখার উপর লেখা দরপত্র গ্রহণযোগ্য হবে না।
- ১৪। নির্ধারিত কর্তৃপক্ষ কর্তৃক হাট-বাজার ইজারা অনুমোদিত না হলে ইজারা বাতিল বলে গণ্য হবে এবং দখলকৃত সময়ে হারাহারিভাবে ইজারার অর্থ কর্তন পূর্বক বাকী জমাকৃত অর্থ ইজারাদারকে প্রদান করা হবে।
- ১৫। হাট-বাজার ইজারার টাকা সরকারি দাবি আদায় আইন অনুযায়ী সাইটিকিট মামলার মাধ্যমে আদায় করা হবে।
- ১৬। চুক্তি পত্রের যে কোন শর্ত লঙ্ঘন করা হলে ইজারা বাতিল করা হবে।
- ১৭। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

দরপত্র সিডিউল প্রাপ্তির এবং দাখিলের স্থান ও তারিখ

ক) হাট-বাজারের দরপত্র সিডিউল নির্ধারণ মূল্যে (অফেরতযোগ্য) নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়/জেলা প্রশাসক, বাগেরহাট মহোদয়ের কার্যালয়/সহকারী কমিশনার (ভূমি), মোরেলগঞ্জ এর কার্যালয়/ব্যবস্থাপক, সোনালী ব্যাংক, মোরেলগঞ্জ শাখা/অফিসার-ইন-চার্জ, মোরেলগঞ্জ থানা এর কার্যালয় হতে নিম্নতফসীল বর্ণিত সময়সূচী অনুযায়ী অফিস চলাকালীন সময়ের মধ্যে ক্রয় করা যাবে।

খ) দরপত্র নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে/জেলা প্রশাসক, বাগেরহাট মহোদয়ের কার্যালয়ে/পুলিশ সুপার, বাগেরহাট মহোদয়ের কার্যালয়ে/সহকারী কমিশনার (ভূমি), মোরেলগঞ্জ এর কার্যালয়ে রক্ষিত দরপত্র বাঞ্চে নির্ধারিত তারিখ ও সময়ে গ্রহণ করা হবে।

গ) দরপত্র পর্যায়ক্রমে নিম্নবর্ণিত তারিখ ও সময়ের মধ্যে যথাক্রমে ১ম দফা, ২য় দফা ও ৩য় দফায় গ্রহণ করা হবে। উল্লেখ্য যে, ১ম দফায় দাখিলকৃত দরপত্রের দর সন্তোষজনক না হলে বা পাওয়া না গেলে ২য় দফা এবং অনুরূপভাবে ২য় দফায় দরপত্র আহ্বানে দরপত্র পাওয়া না গেলে বা দরপত্র দর সন্তোষজনক না হলে ৩য় দফা দরপত্র সিডিউল গ্রহণ করা হবে।